

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.৬১

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮

০৮ জুন ২০২১

বিষয়: কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০ (রিট পিটিশন নং-৪১৪০/২০১৪হতে উদ্ধৃত) মামলা পরিচালনা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজের প্রভাষক, ইংরেজি (খন্ডকালীন) জনাব মো: শরিফুল হাসান গত ১১.০৯.২০১০খ্রি. তারিখ থেকে এ প্রতিষ্ঠানে খন্ডকালীন প্রভাষক হিসাবে কর্মরত। মডেল কলেজ কার্যপ্রণালী বিধিমালা-২০১৩ এর আলোকে প্রভাষক নিয়োগের শর্তানুযায়ী শিক্ষাগত যোগ্যতা না থাকায় তার নিয়মিতকরণের বিষয়টি বিবেচনা করা হয়নি। ফলে তিনি মহামান্য হাইকোর্টে (রিট পিটিশন নং-৪১৪০/২০১৪) মামলা দায়ের করে। মহামান্য হাইকোর্ট “The Respondents are hereby directed to absorb the Petitioner as a Permanent Lecturer as per provisions of Rule 16(8) of the Bidhimala, 2013, within 6 (six) weeks computed from the receipt of certified copy of the Judgment and Order. ” আদেশ প্রদান করেন।

রিট পিটিশন নং- ৪১৪০/২০১৪ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৪১৪০/২০১৪হতে উদ্ধৃতকনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০-এসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলাপরিচালনার (কনটেম্পট মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ করার) জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

৮-৬-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

জনাব শেখ রিয়াজুল হক

বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ৩,

ইমেইল: law.section2@shed.gov.bd

সেগুনবাগিচা, সাজান টাওয়ার-২, ফ্লাট-৩/সি, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.৬১/১(৫)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮
০৮ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৮-৬-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব